

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা- ১
www.moefcc.gov.bd

স্মারক নং-২২.০০.০০০০.০৭৫.২৭.০০১(২).১৯- ৪২৭

২৪ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ: ১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ১৭ ডিসেম্বর হতে জিরো পয়েন্ট, পল্টন মোড়, সচিবালয় লিংক রোড হয়ে জিরো পয়েন্ট এলাকাকে নীরব জোন/No Horn Zone এলাকা হিসেবে বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ শাহাব উদ্দিন, এম.পি এর সভাপতিত্বে গত ২৫ নভেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় আগামী ১৭ ডিসেম্বর, ২০১৯ হতে “জিরো পয়েন্ট, পল্টন মোড়, সচিবালয় লিংক রোড হয়ে জিরো পয়েন্ট এলাকাকে নীরব জোন/No Horn Zone” হিসেবে কার্যকর করার ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় সচিব এর সভাপতিত্বে গত ৮ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় আগামী ১৭ ডিসেম্বর, ২০১৯ তারিখ সকাল ৮:০০ টা হতে “নীরব এলাকা/ No Horn Zone” এর কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উল্লেখ্য যে, শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এর বিধি ২(এ) অনুসারে ‘নীরব এলাকা’ বলতে হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালত বা একই জাতীয় অন্য কোন প্রতিষ্ঠান এবং উহার চতুর্দিকে ১০০ মিটার পর্যন্ত বিস্তৃত এলাকা এবং বিধি- ৪ এ বর্ণিত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত বা চিহ্নিত এমন কোন এলাকাকে বুঝায়। বিধি- ৮(২) অনুসারে নীরব এলাকায় চলাচলকালে যানবাহনে কোন প্রকার হর্ন বাজানো যাবে না এবং ১৮ নং বিধিতে আইন লঙ্ঘনের শাস্তির বিধান রয়েছে।

০৩। এমতাবস্থায়, “জিরো পয়েন্ট, পল্টন মোড়, সচিবালয় লিংক রোড হয়ে জিরো পয়েন্ট এলাকাকে নীরব জোন/No Horn Zone” হিসেবে বাস্তবায়নের লক্ষ্যে “নীরব জোন/No Horn Zone” এলাকায় বিভিন্ন দপ্তর/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়ের গাড়ি চলাচলের সময় হর্ন না বাজানোর জন্য তাঁর সহযোগীতা প্রয়োজন।

০৪। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

Ashab 10.12.19
(আসমা শাহীন)

সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৪৬৪১০

স্মারক নং-২২.০০.০০০০.০৭৫.২৭.০০১(২).১৯-

২৪ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ: ১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব,মন্ত্রণালয়/বিভাগ।
(তৌর আওতাধীন সকল বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে সদয় অবহিত করার অনুরোধসহ)
- ৪। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, জনবিভাগ/আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৬। সচিব,সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তৌর আওতাধীন সকল বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে সদয় অবহিত করার অনুরোধসহ)
- ৭। সচিব, বিপিএসসি, তেজগাঁও, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৯। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১০। উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

- ১১। মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।
- ১২। উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]।
- ১৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৪। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।